

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৪

১/ পবিত্রতা (ﷺ) کتاب الطهارة عن رسول الله

পরিচ্ছেদঃ হায়য বিশিষ্ট মহিলা কর্তৃক হাত বাড়িয়ে মসজিদ থেকে কিছু লওয়া।

باب مَا جَاءَ فِي الْحَائِضِ تَتَنَاوَلُ الشَّيْءَ مِنَ الْمَسْجِدِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا عَبِيدَةُ بْنُ حُمَيْدٍ، عَنِ الأَعْمَشِ، عَنْ ثَابِتِ بْنِ عُبَيْدٍ، عَنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ، قَالَ قَالَتْ لِي عَائِشَةُ قَالَ لِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " نَاولِينِي الْخُمْرَةَ مِنَ الْمَسْجِدِ ". قَالَتْ قُلْتُ إِنِّي حَائِضٌ. قَالَ " إِنَّ حَيْضَتَكِ لَيْسَتْ فِي يَدِكِ ". قَالَ وَفِي مِنَ الْمَسْجِدِ ". قَالَتْ قُلْتُ إِنِّي حَائِضٌ. قَالَ " إِنَّ حَيْضَتَكِ لَيْسَتْ فِي يَدِكِ ". قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمْرَ وَأَبِي هُرَيْرَةَ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَدِيثُ حَسَنٌ صَحِيحٌ. وَهُو قَوْلُ عَامَّةِ أَهْلِ الْعِلْمِ لاَ نَعْلَمُ بَيْنَهُمُ اخْتِلاَقًا فِي ذَلِكَ بِأَنْ لاَ بَأْسَ أَنْ تَتَنَاوَلَ الْحَائِضُ شَيْئًا مِنَ الْمَسْجِدِ.

বাংলা

১৩৪. কুতায়বা (রহঃ) আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেন যে, একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে হাত বাড়িয়ে মসজিদ থেকে একটি চাটাই দিতে বললেন। আমি বললাম আমি তো হায়য বিশিষ্ট। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন তোমার হাতে তো আর হায়েয় নেই। - ইবনু মাজাহ ৬৩২, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবন উমর ও আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী বলেনঃ আয়িশা (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান সহীহ। সাধারনভাবে সকল আলিমের অভিমত এ-ই। হায়য বিশিষ্ট মহিলার জন্য মসজিদ থেকে কোন কিছু হাত বাড়িয়ে নেওয়াতে কোন দোষ না হওয়ার বিষয়ে তাদের মধ্যে কোন মত বিরোধ আছে বলে আমাদের জানা নেই।

English

Aishah narrated:

"Allah's Messenger said to me: 'Bring me the Khumrah from the Masjid.' She said: "I said: 'I am menstruating.' He said: 'Indeed your menstruation is not



in your hand.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন